



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর কমিশনার (কর অঞ্চল- ঢাকা, খুলনা ও চট্টগ্রাম) এর অধীনস্থ কর সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ - ১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের
জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

২০১৮-২০১৯

প্রথম খণ্ড

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

[জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর কমিশনার (কর অঞ্চল- ঢাকা, খুলনা ও চট্টগ্রাম) এর অধীনস্থ কর সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট]

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ - ১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের
জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

সূচিপত্র

ক্রঃ নং	বিবরণ	পৃষ্ঠা নং
১	মুখবন্ধ	
২	প্রথম অধ্যায়	১
৩	অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ	৩
	অডিট বিষয়ক তথ্য	৫
	ম্যানেজমেন্ট ইস্যু	৫
	অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ	৬
	অডিটের সুপারিশ	৬
৪	দ্বিতীয় অধ্যায় : অডিট অনুচ্ছেদসমূহ	৭-২৪
৫	মহাপরিচালকের স্বাক্ষর	২৪
৬	অনুচ্ছেদভিত্তিক পরিশিষ্ট	দ্বিতীয় খণ্ড

মুখবন্ধ

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।
২. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কর কমিশনারের অধীন কর সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়কর আদায় কার্যক্রমের উপর রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।
৩. নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ের প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।
৪. এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ০৯ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট বিভাগের মুখ্য হিসাব দানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।
৫. এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।
৬. জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ : ২৮/৬/১৪২৮ বঙ্গাব্দ
১৬/০৮/১৪২৮ সফিষ্টাব্দ


(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

অনুচ্ছেদ নং	শিরোনাম	জড়িত টাকা (দণ্ডসুদসহ)	পৃষ্ঠা নং
০১	অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণ-পূর্বক আয়কর কম নির্ধারণ করায় দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	৪৬৫,৮৮,৭৫,৯৮৭/-	৯-১০
০২	Suspense Account হিসেবে ৮,৭৫,১২,১৬৬/- টাকা মোট আয়ের সাথে যোগ না করে আয়কর কম নিরূপণ করায় দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	৩,৪৯,১৭,৩৫৪/-	১১-১২
০৩	করদাতা প্রতিষ্ঠানের দায় (Liabilities) মেয়াদোত্তীর্ণ হওয়া সত্ত্বেও উক্ত দায় বিয়োজন করে মোট আয় নিরূপণপূর্বক আয়কর কম ধার্য করায় দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	৭৬,১৯,৬৫,৪৭৮/-	১৩-১৪
০৪	নিলামে বিক্রয়কৃত পণ্যের বিক্রয়মূল্যের উপর ৭.৫% এর স্থলে ৫% হারে উৎসে আয়কর কর্তন করায় দণ্ডসুদসহ সরকারের আর্থিক ক্ষতি।	৬৩,৭৫,০৬৬/-	১৫-১৬
০৫	বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর বিল হতে (Work in Progress) উৎসে আয়কর কর্তন না করায় দণ্ডসুদসহ আয়কর বাবদ আর্থিক ক্ষতি।	৬২,৭৫,৬৩,২৬৬/-	১৭
০৬	ব্যাংকিং চ্যানেল ব্যতীত ঋণ গ্রহণ করা সত্ত্বেও গৃহীত ঋণ মোট আয়ের সাথে যোগ না করে আয়কর কম নির্ধারণ করায় দণ্ডসুদসহ আয়কর বাবদ আর্থিক ক্ষতি।	১৮,৭৩,৪২,৪৭০/-	১৮-১৯
০৭	করদাতা কর্তৃক বিক্রয়মূল্য কম প্রদর্শন করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	৩৭,৮১,৯১৬/-	২০-২১
০৮	করদাতা কর্তৃক মোটর ভেহিক্যাল খাতে প্রাপ্যতার অতিরিক্ত বিনিয়োগ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	১,১৬,৬০,০৮৫/-	২২-২৩
০৯	বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান/করদাতা ব্যক্তিগণের নিকট বকেয়া আয়কর অনাদায়ী থাকায় দণ্ডসুদসহ আর্থিক ক্ষতি।	৫,৬২,০৩,০২৯/-	২৪
	সর্বমোট =	৬৩৪,৮৬,৮৪,৬৫১/-	

(কথায় : ছয়শত চৌত্রিশ কোটি ছিয়াশি লক্ষ চুরাশি হাজার ছয়শত একান্ন টাকা মাত্র)

অডিট বিষয়ক তথ্য

নিরীক্ষা অর্থ বছর	:	২০১৭-২০১৮
নিরীক্ষিত প্রতিষ্ঠান	:	কর অঞ্চল - ঢাকা, খুলনা ও চট্টগ্রাম
নিরীক্ষার প্রকৃতি	:	নিয়মানুগ নিরীক্ষা
নিরীক্ষার সময়	:	০৩-০২-২০১৯ খ্রিঃ হতে ৩০-০৪-২০১৯ খ্রিঃ পর্যন্ত
নিরীক্ষা পদ্ধতি	:	

- International Standards of Supreme Audit Institutions (ISSAI) সুপারিশসমূহ মানদণ্ড অনুসরণ করে Entity Wide নিরীক্ষা পরিচালনা করা হয়।
- প্রাসঙ্গিক নিয়মনীতি পরিপালন করে নিরীক্ষার ঝুঁকি নির্ধারণপূর্বক নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়।

অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক : মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর।

তত্ত্বাবধান

ম্যানেজমেন্ট ইস্যু :

- অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের আওতা বৃদ্ধি করা।
- পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়নে উদ্যোগী ভূমিকা গ্রহণ করা।
- রাজস্ব প্রাপ্তি যথানিয়ম ও সময়ে সরকারি কোষাগারে জমা নিশ্চিত করা।
- আয়কর বাবদ অনাদায়ী অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে জমা দিলে ঐ বছরের জন্য সরকারের আপত্তিকৃত অর্থের সমপরিমাণ অর্থ কম ঋণ গ্রহণ করতে হতো এবং সুদও দেয়ার প্রয়োজন হতো না। কেননা এ যাবৎকাল পর্যন্ত সরকার ঘাটতি বাজেট করে আসছে এবং এ ঘাটতি পূরণের জন্য দেশীয় ব্যাংক/বন্ড হতে ১০% বা ততোধিক হারে সুদে ঋণ গ্রহণ করতে হয়।

অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ :

- কোম্পানিসমূহ কর্তৃক আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৯(১), ১৯(৩), ১৯(১৫)(সি), ১৯(২৬), ১৯(২৭), ২৯, ৩০(এএ), ৩০(এফ), ৩০(এইচ), ৩০(জে), ৫২(এ), ৫২(এএ), ৫২(ডিডি), ৫২(কে), ৫৩(সি), ৫৩(কে), ৫৩(এ), ৫৩(ই), ৫৩(বিবি) এবং বিধি - ৬৫ (সি) ইত্যাদি যথাযথভাবে পরিপালন না করা ।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ ও আয়কর বিধিমালা, ১৯৮৪, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-বিধান পরিপালন না করা ।
- প্রযোজ্য হার অপেক্ষা কম হারে করারোপ ।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ।
- জাতীয় রাজস্ব বোর্ড এর বিধি-বিধান যথাযথভাবে পরিপালন না করা ।

অডিটের সুপারিশ :

- প্রযোজ্য হারে করারোপ করা আবশ্যিক ।
- সরল সুদ সঠিকভাবে আরোপ করা প্রয়োজন ।
- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা প্রয়োজন ।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক ।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন ।

দ্বিতীয় অধ্যায়
(অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং-১৯

শিরোনাম

: অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় কম নিরূপণ পূর্বক আয়কর কম নির্ধারণ করায় দণ্ডসুদসহ ৪৬৫,৮৮,৭৫,৯৮৭/- (চারশত পঁয়ষট্টি কোটি আটাত্তিশ লক্ষ পঁচাত্তর হাজার নয়শত সাতাশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ

: জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ন্ত্রণাধীন ৭টি কর কমিশনারের আওতাধীন ১১ টি কর সার্কেল (কোম্পানিজ) এর ২০১৭-২০১৮ কর বর্ষে অননুমোদনযোগ্য ব্যয় বিয়োজন করে মোট আয় নিরূপণ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৪৬৫,৮৮,৭৫,৯৮৭/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলসমূহের আয়কর আদায় সংক্রান্ত কার্যক্রম নিরীক্ষায় কোম্পানির আয়কর রিটার্ন, আয়কর নথি ও বার্ষিক অডিট রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (পার্ট-১) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ (পার্ট-২) এর বিধান অনুযায়ী দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তন করা হয়নি। উক্ত অধ্যাদেশের ৩০(এএ) ধারা সহ অন্যান্য ধারা অনুযায়ী সকল অননুমোদনযোগ্য খরচ এবং অন্যান্য উৎসের আয় আয়ের সাথে যোগ করে মোট আয় নিরূপণ করত: আয়কর নির্ধারণযোগ্য। কিন্তু আলোচ্য ক্ষেত্রে দাবিকৃত খরচকে আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপণ করায় আপত্তিতে বর্ণিত টাকা আয়কর বাবদ কম ধার্য করা হয়েছে।

[২য় খন্ডের পরিশিষ্ট নং ০১(১.১-১.৪৫) পৃ: ১-৬৯]

অনিয়মের কারণ

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৮২ (বিবি) ধারা এর লঙ্ঘন।
- আয়কর বিধিমালা ১৯৮৪ (পার্ট-২) এবং উক্ত অধ্যাদেশের ৩০(এএ) ধারা এর লঙ্ঘন।

অডিট প্রতিষ্ঠানের জবাব

: কর অঞ্চল- ০৩, ঢাকা এর অধীন কর সার্কেল- ৪৫; কর অঞ্চল- ০৫, ঢাকা এর অধীন কর সার্কেল- ৯০, ৯৬ ও ১০১; কর অঞ্চল- ০৮, ঢাকা এর অধীন কর সার্কেল- ১৫৫, ১৫৬ ও ১৬২; কর অঞ্চল- খুলনা এর অধীন কর সার্কেল- ০১ এবং কর অঞ্চল- ০৯, খুলনা এর অধীন কর সার্কেল- ১৭৭ কর অফিসসমূহ জানায় যে, নথি যাচাই করে পরবর্তীতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর অঞ্চল- ০৭, ঢাকা এর অধীন কর সার্কেল- ১৩৩ জানায় যে, আপ্যায়ন খাতে অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে আনুপাতিক হারে আয় নির্ধারণের যৌক্তিকতা নাই বিধায় আপত্তিটি যথাযথ নয়।

কর অঞ্চল- ০৩, চট্টগ্রাম এর অধীন কর সার্কেল- ৪৫ জানায় যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৮২(বিবি) ধারায় দাখিলকৃত রিটার্ন ৮২(বিবি)(১) ধারায় নিষ্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে, ৮২(বিবি) ধারায় রিটার্ন করদাতা কর্তৃক পূরণকৃত রিটার্ন।

এক্ষেত্রে আয়কর বিভাগ কোন কর নির্ধারণী আদেশ প্রণয়ন করে না। তাছাড়া মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৫১৫১ অফ-২০১৫ এর আদেশের বিষয়টি অডিট টিমকে অবহিত করা সত্ত্বেও আপত্তিসমূহ উত্থাপন করা হয়েছে। কাজেই আপত্তিসমূহ গ্রহণযোগ্য নয়।

নিরীক্ষা মন্তব্য

: স্থানীয় কর্তৃপক্ষের (১১ টি কর সার্কেল) জবাব নিষ্পত্তির সহায়ক নয়। কারণ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর উল্লিখিত ধারা ও বিধির ব্যত্যয় ঘটিয়ে আয়কর কম নির্ধারণ করা হয়েছে, যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা আবশ্যিক।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৮২(বিবি) ধারায় দাখিলকৃত রিটার্ন এ প্রদর্শিত আয় ও ব্যয় এর হিসাব বিবরণী হতে কর্তনযোগ্য উৎসে আয়কর কর্তন বা সরকারি কোষাগারে জমা করার প্রমাণক পাওয়া যায়নি।

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৫১৫১ অফ-২০১৫ এর আদেশের বিষয়টি অডিট টিমকে অবহিত করার কথা বলা হলেও উহার কোন সার্টিফাইড কপি বা সত্যায়িত কপি নিরীক্ষা দলকে সরবরাহ করা হয়নি।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তি সহায়ক কোন জবাব পাওয়া যায়নি।

আদায়যোগ্য আয়কর বাবদ ৪০৮,৬৭,৩৩,৩২৪/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে।

উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আয়কর বিভাগ সম্পর্কিত সিএজির বার্ষিক অডিট রিপোর্ট ২০০৮-২০০৯, ২০০৯-২০১০ ও ২০১৪-২০১৫ এ অন্তর্ভুক্ত হয়। ১০ম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৫তম বৈঠকে আলোচনার পর গৃহীত সিদ্ধান্ত হলো: “সংশ্লিষ্ট অবশিষ্ট পাওনা আদায়যোগ্য বলে নিরীক্ষা মন্তব্যের পরিপ্রেক্ষিতে কমিটি কর্তৃক অনধিক ৩০ দিনের মধ্যে তা আদায়পূর্বক নিরীক্ষা কর্তৃপক্ষের মাধ্যমে কমিটিকে অবহিত করার জন্য অনুশাসন প্রদান করা হলো”।

নিরীক্ষার সুপারিশ

: দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৪৬৫,৮৮,৭৫,৯৮৭/-টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২৥

শিরোনাম : Suspense Account হিসেবে ৮,৭৫,১২,১৬৬/- টাকা মোট আয়ের সাথে যোগ না করে আয়কর কম নিরূপণ করায় দণ্ডসুদসহ ৩,৪৯,১৭,৩৫৪/- (তিন কোটি ঊনপঞ্চাশ লক্ষ সত্তেরো হাজার তিনশত চুয়ান্ন) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর নিয়ন্ত্রণাধীন উপকর কমিশনার, সার্কেল-৯৬ (কোম্পানিজ), কর অঞ্চল- ০৫, ঢাকা, কার্যালয়ের ২০১৭-২০১৮ কর বর্ষে Suspense Account হিসেবে ৮,৭৫,১২,৩৬৬/- টাকা মোট আয়ের সাথে যোগ না করে আয়কর নিরূপণ করায় দণ্ডসুদসহ ৩,৪৯,১৭,৩৫৪/- টাকা রাজস্ব কম পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলের আয়কর আদায় সংক্রান্ত কার্যক্রম নিরীক্ষাকালে এ ডব্লিউ আর ডেভেলপমেন্ট (বিডি) লি: এর ২০১৭-২০১৮ করবর্ষে দাখিলকৃত আয়কর রিটার্ন, বার্ষিক অডিট রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, Statement of Financial Position (Balance Sheet) এ Current Assets বাবদ Work-in-Progress এ (নোট-০৪) ১৫,৫৬,৯৯,২৮৫/- টাকা প্রদর্শন করা হয়েছে। কিন্তু Schedule-B (Annual Report) পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য করবর্ষে নির্মাণ সামগ্রী বাবদ ৫,৯৮,৫১,৭১০/- টাকা ব্যয় দেখানো হলেও উক্ত টাকার মধ্যে ঋণের সুদ ৪,৩৭,৫৬,০৮৩/- টাকা অন্তর্ভুক্ত রয়েছে। ফলে $(৫,৯৮,৫১,৭১০ - ৪,৩৭,৫৬,০৮৩) = ১,৬০,৯৫,৬২৭/-$ টাকা নির্মাণ সামগ্রী বাবদ ব্যয় করা হয়েছে। সে মোতাবেক Work-in-Progress এ (নোট-০৪) $(১৫,৫৬,৯৯,২৮৫ - ৪,৩৭,৫৬,০৮৩) = ১১,১৯,৪৩,২০২/-$ টাকা প্রদর্শিত হবে। করদাতা কোম্পানি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করে থাকলে ঋণ যেমন তার দায় তেমনি ব্যাংক ঋণের সুদ অপরিশোধিত থাকলে সেটিও তার দায়। সে মোতাবেক অপরিশোধিত ব্যাংকের সুদ তার মোট দায়ের সাথে যোগ হবে। ফলে মোট দায়ের পরিমাণ হবে $(৪৯,৮৪,৩০,৩৫৯ + ৪,৩৭,৫৬,০৮৩) = ৫৪,২১,৮৬,৪৪২/-$ টাকার স্থলে ৪৫,৪৬,৭৪,২৭৬/- টাকা দেখানো হয়েছে ফলে $(৫৪,২১,৮৬,৪৪২ - ৪৫,৪৬,৭৪,২৭৬) = ৮,৭৫,১২,১৬৬/-$ টাকা Suspense Account হিসেবে Property and Assets অংশে আসবে এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(১) ধারা মোতাবেক অন্যান্য উৎসের আয় হিসাবে করদাতা কোম্পানীর মোট আয়ের সাথে যোগ হবে।

[২য় খন্ডের পরিশিষ্ট নং-০২, পৃষ্ঠা নং-৭০]

অনিয়মের কারণ : • আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(১) ধারা এর লঙ্ঘন।

অডিট প্রতিষ্ঠানের জবাব : নথি যথাযথভাবে পর্যালোচনা করে দ্রুততার সাথে আইনানুগ কার্যক্রম গ্রহণ করে নিরীক্ষা কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

নিরীক্ষা মন্তব্য

: স্থানীয় কর্তৃপক্ষের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অডিট প্রতিষ্ঠান কর্তৃক নথি যথাযথভাবে পর্যালোচনা করে দ্রুততার সাথে আইনানুগ কার্যক্রম গ্রহণের কথা বলা হলেও অদ্যাবধি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়নি। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(১) ধারার ব্যত্যয় ঘটিয়ে আয়কর কম নির্ধারণ হয়েছে যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা আবশ্যিক।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

আদায়যোগ্য আয়কর বাবদ ৩,০৬,২৯,২৫৮/-টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে।

নিরীক্ষার সুপারিশ : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৩,৪৯,১৭,৩৫৪/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৩।।

শিরোনাম : করদাতা প্রতিষ্ঠানের দায় (Liabilities) মেয়াদোত্তীর্ণ হওয়া সত্ত্বেও উক্ত দায় বিয়োজন করে মোট আয় নিরূপণপূর্বক আয়কর কম ধার্য করায় দণ্ডসুদসহ ৭৬,১৯,৬৫,৪৭৮/- (ছিয়াত্তর কোটি উনিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত আটাত্তর) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-০৫ এর আওতাধীন কর সার্কেল-৯০ এর ২০১৭-২০১৮ কর বর্ষের করদাতা প্রতিষ্ঠানের দায় (Liabilities) মেয়াদোত্তীর্ণ হওয়া সত্ত্বেও উক্ত দায় বিয়োজন করে মোট আয় নিরূপণ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৭৬,১৯,৬৫,৪৭৮/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলের আয়কর আদায় সংক্রান্ত কার্যক্রম নিরীক্ষায় ইষ্ট গয়েস্ট প্রোপার্টি ডেভেলপমেন্ট (প্রা:) লি: এর আয়কর রিটার্ন, আয়কর নথি ও বার্ষিক অডিট রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, বার্ষিক অডিট রিপোর্টের নোট-০৯ এ Others Liabilities হেডে ২৩৩,৯২,৩৩,৪৪০/- টাকা দায় দেখানো হয়েছে। উক্ত টাকার মধ্যে ০৪ জন পাওনাদারের নামসহ টাকার পরিমাণ ১২২,৯৫,৫৫,৫১৭/- টাকা। অবশিষ্ট (২৩৩,৯২,৩৩,৪৪০-১২২,৯৫,৫৫,৫১৭) = ১১০,৯৬,৭৭,৯২৩/- টাকা অন্যান্য দায় (Liabilities to Others) হিসেবে উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে অন্যান্য দায়ের বিষয়ে কোন সংস্থা/প্রতিষ্ঠান বা কোন পাওনাদারের নাম, পাওনার পরিমাণ উল্লেখ নাই; যাহা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারার পরিপন্থী। এক্ষেত্রে উক্ত টাকা মোট আয়করযোগ্য আয়ের সাথে যোগযোগ্য।

বার্ষিক অডিট রিপোর্টের নোট-০৮ এ Creditor for Expenses হেডে ২০১১-২০১২ কর বর্ষ হতে ২০১৭-২০১৮ পর্যন্ত প্রতি কর বর্ষেই Director Remuneration বাবদ ৮০,০০,১০,০০০/- টাকা দায় দেখানো হয়েছে। উল্লেখ্য উক্ত কর বর্ষসমূহের বার্ষিক অডিট রিপোর্টেও (সার্টিফাইড কপি) P/L Account বা লাভ-ক্ষতি হিসাবে Director Remuneration পরিশোধ করা সত্ত্বেও Remuneration বাবদ উক্ত অর্থ Liabilities দায় দেখানো হচ্ছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা অনুযায়ী যে কোন প্রকার দায়ের বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা থাকা আবশ্যিক। এক্ষেত্রে অন্যান্য দায়ের বিষয়ে কোন সংস্থা/প্রতিষ্ঠান বা কোন পাওনাদারের নাম ও পাওনার পরিমাণ উল্লেখ নাই। আলোচ্য করবর্ষে পি/এল একাউন্টে Director Remuneration বাবদ উল্লিখিত পাওনা পরিশোধ করা সত্ত্বেও Liabilities প্রদর্শন করা হয়েছে যা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(১৫)(সি) ধারা মোতাবেক মোট আয়ের সাথে যোগযোগ্য। এক্ষেত্রে উক্ত Liabilities মোট আয়ের সাথে যোগ করা হয়নি।

[২য় খন্ডের পরিশিষ্ট নং-০৩, পৃ: ৭১]

অনিয়মের কারণ :

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা এর লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(১৫সি) ধারা এর লঙ্ঘন।

অডিট প্রতিষ্ঠানের
জবাব : Others Liabilities হেডে ১১০,৯৬,৭৭,৯২৩/- টাকা ৩০(এএ) ধারায় যোগ করার সুপারিশ করা হলেও আয়কর আইনে ৩০(এএ) ধারায় যোগ করার কোন নির্দেশনা নাই। Creditor for Expenses হেডে পরিচালকের ভাতা ৮০,০০,১০,০০০/- টাকা ৩০(এএ) ধারায় যোগ করার সুপারিশ করা হলেও আয়কর আইনে ৩০(এএ) ধারায় যোগ করার কোন নির্দেশনা নাই।

নিরীক্ষা মন্তব্য : স্থানীয় কর্তৃপক্ষের জবাব নিষ্পত্তির সহায়ক নয়। কারণ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর প্রযোজ্য ধারা ও বিধির আলোকে আয়কর নথি পর্যালোচনাপূর্বক নিরীক্ষা আপত্তি উত্থাপন করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(১৫)(সি) ধারা মোতাবেক কোন দায় কোন আয়কর বৎসরে অনুমোদন করা হলে উক্ত আয় বৎসর পার হওয়ার পর তিন অর্থ বছর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও যদি তা পরিশোধ না করা হয় তবে এরূপ দায় বা তার অংশ বিশেষ বর্ণিত তিন বৎসর পূর্তির অব্যবহিত পরের আয় বৎসরে করদাতার ব্যবসা বা পেশা খাতের আয় হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে উক্ত অর্থ মোট আয়করযোগ্য আয়ের সাথে যোগযোগ্য হওয়া সত্ত্বেও যোগ করা হয়নি। সমুদয় টাকা আদায় করে নিরীক্ষা অধিদপ্তরকে জানানো প্রয়োজন।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তি সহায়ক কোন জবাব পাওয়া যায়নি।

আদায় যোগ্য আয়কর বাবদ ৬৬,৮৩,৯০,৭৭০/-টাকা সরকারি কোষাগারে জমা না করার যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে।

নিরীক্ষার সুপারিশ : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৭৬,১৯,৬৫,৪৭৮/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তর প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৪১

শিরোনাম : নিলামে বিক্রয়কৃত পণ্যের বিক্রয়মূল্যের উপর ৭.৫% এর হলে ৫% হারে উৎসে আয়কর কর্তন করায় দণ্ডসুদসহ সরকারের ৬৩,৭৫,০৬৬/- (তেষটি লক্ষ পঁচাত্তর হাজার ছেষটি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন উপকর কমিশনার, কর সার্কেল-০১, কর অফিস- খুলনা কার্যালয়ের ২০১৭-২০১৮ আর্থিক সনে প্রকাশ্যে নিলামে বিক্রয়কৃত পণ্য মূল্যের উপর উৎসে আয়কর কম কর্তন করায় দণ্ডসুদসহ সরকারের ৬৩,৭৫,০৬৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলের আয়কর আদায় কার্যক্রম নিরীক্ষাকালে কেবল এন্ড কোং লিঃ এর আয়কর রিটার্ন, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য করবর্ষে করদাতা কোম্পানি নিলামে মোলাসেস বিক্রয় করেছে সর্বমোট (৩,৩০,৭৪,৫৫২/৮০+৪,২৫,৫৫,৯১৭/৪০+ ৭,৫২,৬৬,৩৪৫+১,৭৫,২০,০০০+৪,১৭,৯০,৭৮১+১,৩৪,৭৮,৯০৮/৮০)=২২,৩৬,৮৬,৫০৫/- টাকা। উক্ত টাকার উপর ৫% হারে উৎসে কর কর্তন করা হয়েছে ১,১১,৮৪,৩২৫/- টাকা। কিন্তু আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩(সি) অনুযায়ী প্রকাশ্যে নিলামে বিক্রয়কৃত পণ্যের মূল্যের উপর ৭.৫% হারে (২২,৩৬,৮৬,৫০৫×৭.৫%)= ১,৬৭,৭৬,৪৮৮ টাকা উৎসে কর কর্তন করতে হবে। ফলে উক্ত খাতে আয়কর কম কর্তন করা হয়েছে (১,৬৭,৭৬,৪৮৮- ১,১১,৮৪,৩২৫)= ৫৫,৯২,১৬৩/- টাকা। এক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(সি) ধারা মোতাবেক প্রযোজ্য হারে উৎসে কর কর্তন না করায় ৫৫,৯২,১৬৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

দণ্ডসুদ= ৫৫,৯২,১৬৩×২%×৭ মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)= ৭,৮২,৯০৩/-টাকা।

দণ্ডসুদসহ মোট আয়কর = (৫৫,৯২,১৬৩ + ৭,৮২,৯০৩)= ৬৩,৭৫,০৬৬/- টাকা।

[২য় খন্ডের পরিশিষ্ট নং -৪ পৃ: ৭২]

অনিয়মের কারণ : • ১৯৮৪ এর ধারা ৫৩(সি) মোতাবেক প্রকাশ্যে নিলাম মূল্যের উপর ৭.৫% হারে উৎসে আয়কর কর্তন করার বিধান থাকলেও তা না করে ৫% হারে কর কর্তন করা হয়েছে।

অডিট প্রতিষ্ঠানের : নথি পরীক্ষা করে পরবর্তীতে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

জবাব

নিরীক্ষা মন্তব্য

: স্থানীয় কর্তৃপক্ষের জবাব নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অডিট প্রতিষ্ঠান কর্তৃক নথি পরীক্ষা করে পরবর্তীতে কার্যকর ব্যবস্থা নেয়া হবে বলা হলেও অদ্যাবধি কি ব্যবস্থা নেয়া হয়েছে তা নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়নি।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(সি) ধারা মোতাবেক ৭.৫% এর স্থলে ৫% হারে উৎস কর কর্তন করায় সরকারের ৫৫,৯২,১৬৩/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে, যা আদায় করা আবশ্যিক।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক কোন জবাব পাওয়া যায়নি।

আদায়যোগ্য আয়কর বাবদ ৫৫,৯২,১৬৩/-টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে। উল্লেখ্য যে, অনুরূপ আপত্তি অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর আয়কর বিভাগ সম্পর্কিত সিএজির বার্ষিক অডিট রিপোর্ট ২০০৯-২০১০ এ অন্তর্ভুক্ত হয়।

নিরীক্ষার সুপারিশ : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৬৩,৭৫,০৬৬/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৫৯

- শিরোনাম** : বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর বিল হতে (Work in Progress) উৎসে আয়কর কর্তন না করায় দণ্ডসুদসহ আয়কর বাবদ ৬২,৭৫,৬৩,২৬৬/- (বাষট্টি কোটি পচাঁত্তর লক্ষ তেষট্টি হাজার দুইশত ছেষট্টি) টাকা আর্থিক ক্ষতি।
- বিবরণ** : জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-০৫ এর আওতাধীন কর সার্কেল-৯০ ও ৯৬ এর ২০১৭-২০১৮ কর বর্ষে বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর বিল হতে (Work in Progress) উৎসে আয়কর কর্তন না করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৬২,৭৫,৬৩,২৬৬/- টাকা কম আদায় করায় আর্থিক ক্ষতি হয়েছে।
- উল্লিখিত সার্কেলের আয়কর আদায় কার্যক্রম নিরীক্ষায় বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান এর বার্ষিক রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় যে, পরিশিষ্টে বর্ণিত করদাতা প্রতিষ্ঠানসমূহ ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর (যেমন: ইট, বালি, রড, সিমেন্ট, গ্রীল, সেনেটারী ও বৈদ্যুতিক মালামাল) বিল ১১০০,৯৮,৮১,৮৭৭/- টাকা হতে উৎসে আয়কর কর্তন করা হয়নি, যা Work in Progress বাবদ ব্যয় দেখানো হয়েছে। অর্থাৎ কনস্ট্রাকশন মেটেরিয়াল বাবদ খরচ করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২(এ) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি-১৬ অনুযায়ী ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর (যেমন: ইট, রড, সিমেন্ট, গ্রীল, সেনেটারী ও বৈদ্যুতিক মালামাল) বিল হতে উৎসে আয়কর কর্তনযোগ্য হলেও তা কর্তন করা হয়নি।
- [২য় খন্ডের পরিশিষ্ট ৫.১ ও ৫.২ পৃ: ৭৩-৭৫]
- অনিয়মের কারণ** :
• আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২(এ) এর লঙ্ঘন।
• আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি-১৬ এর লঙ্ঘন।
- অডিট প্রতিষ্ঠানের জবাব** : নথিপত্র যাচাই করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিরীক্ষা মন্তব্য** : স্থানীয় অফিসের জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অডিট প্রতিষ্ঠান কর্তৃক নথিপত্র যাচাই করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার কথা বলা হলেও অদ্যাবধি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়নি। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫২(এ) এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি-১৬ অনুযায়ী ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর (যেমন: ইট, রড, সিমেন্ট, গ্রীল, সেনেটারী ও বৈদ্যুতিক মালামাল) বিল হতে উৎসে আয়কর কর্তনযোগ্য হলেও তা কর্তন না করায় আয়কর বাবদ আর্থিক ক্ষতি হয়েছে, যা আদায় করা আবশ্যিক।
- ৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তি সহায়ক কোন জবাব পাওয়া যায়নি।
- আদায়যোগ্য আয়কর বাবদ ৫৫,০৪,৯৪,০৯৩/-টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে।
- নিরীক্ষার সুপারিশ** : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৬২,৭৫,৬৩,২৬৬/-টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৬৯

শিরোনাম

: ব্যাংকিং চ্যানেল ব্যতীত ঋণ গ্রহণ করা সত্ত্বেও গৃহীত ঋণ মোট আয়ের সাথে যোগ না করে আয়কর কম নির্ধারণ করায় দণ্ডসুদসহ আয়কর বাবদ ১৮,৭৩,৪২,৪৭০/- (আঠারো কোটি তিয়াত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত সত্তর) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ

: জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর অঞ্চল-খুলনা এর আওতাধীন কর সার্কেল -০১ এর ২০১৭-২০১৮ সনে ব্যাংকিং চ্যানেল ব্যতীত ঋণ গ্রহণ করা সত্ত্বেও গৃহীত ঋণ মোট আয়ের সাথে যোগ না করে আয়কর নির্ধারণ করায় দণ্ডসুদসহ আয়কর বাবদ ১৮,৭৩,৪২,৪৭০/-টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলের আয়কর আদায় কার্যক্রম নিরীক্ষায় ময়েন উদ্দিন (বাসী) লি: এর আয়কর রিটার্ন, আয়কর নথি ও বার্ষিক অডিট রিপোর্টের নোট- ১৩ পর্যালোচনায় দেখা যায় যে, কোম্পানির Director এর নিকট হতে ২০১৬-১৭ কর বর্ষে Loan গ্রহণপূর্বক ৪৭,০০,০০,০০০/- টাকা দায় প্রদর্শন করা হয়েছে। এক্ষেত্রে Director এর নিকট হতে ব্যাংকিং চ্যানেলে গ্রহণ করা হয়েছে কিনা তার কোন প্রমাণক পাওয়া যায়নি। করদাতা প্রতিষ্ঠানের Director এর কর নথি পর্যালোচনা করে দেখা যায় ৪৭,০০,০০,০০০/- টাকা Loan প্রদানের কথা উল্লেখ করা হলেও উক্ত টাকা কোম্পানিকে পরিশোধের কোন প্রমাণক পাওয়া যায়নি। এমনকি উল্লিখিত পরিমাণ টাকা পরিচালকের কর নথিতে ব্যালেন্সও পাওয়া যায়নি। আরো উল্লেখ্য যে, ২০১৬-১৭ আর্থিক সনের ৩০ শে জুন/২০১৭ (কর বর্ষ-২০১৭-১৮) তারিখের ব্যালেন্স শীটে কোম্পানিকে Director এর নিকট হতে ৪,৭০,০০০/- টাকা Loan দেখানো হয়েছে। ফলে ৪৭,০০,০০,০০০/- টাকা Loan প্রদান এবং কোম্পানির দায় প্রদর্শন সঠিক নয়; যা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(১) ধারায় অব্যাহায়ায়িত বিনিয়োগ হিসেবে ও ১৯(২৬) ধারায় অর্থ আইন/২০১৪ এর মাধ্যমে উক্ত ধারায় একটি প্রোভাইস সংযোজন করে বিধান করা হয়েছে। এরূপ গৃহীত ঋণ মোট আয়ের সাথে যোগ হবে। এক্ষেত্রে যোগ না করে মোট আয় নিরূপন করায় আয়কর বাবদ $(৪৭,০০,০০,০০০ - ৪,৭০,০০০) = (৪৬,৯৫,৩০,০০০ \times ৩৫\%) = ১৬,৪৩,৩৫,৫০০/-$ টাকা কম ধার্য করা হয়েছে।

দণ্ডসুদ = $১৬,৪৩,৩৫,৫০০ \times ২\% \times ৭$ মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত) = ২,৩০,০৬,৯৭০/-টাকা।

দণ্ডসুদসহ মোট আয়কর = $(১৬,৪৩,৩৫,৫০০ + ২,৩০,০৬,৯৭০) = ১৮,৭৩,৪২,৪৭০/-$ টাকা।

[বিস্তারিত বিবরণ: ২য় খন্ডের পরিশিষ্ট - ৬ পৃ: ৭৬ দ্রষ্টব্য]

অনিয়মের কারণ

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(১) ধারা এর লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৬) ধারা এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের
জবাব : নথি পরীক্ষা করে পরবর্তীতে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

নিরীক্ষা মন্তব্য : স্থানীয় কর্তৃপক্ষের জবাব নিষ্পত্তির সহায়ক নয়। কারণ অডিটি প্রতিষ্ঠান কর্তৃক নথি পরীক্ষা করে পরবর্তীতে কার্যকর ব্যবস্থা নেয়া হবে বলা হলেও অদ্যাবধি কি ব্যবস্থা নেয়া হয়েছে তা নিরীক্ষা অধিদপ্তরকে অবহিত করা হয়নি।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(১) ধারায় অব্যাখ্যায়িত বিনিয়োগ হিসেবে ও ১৯(২৬) ধারায় ব্যাংকিং চ্যানেল ব্যতীত অন্য কারো কাছে ঋণ গ্রহণ করা হলে তা করদাতা কোম্পানির করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে করযোগ্য আয় হিসেবে বিবেচনা না করায় ১৬,৪৫,০০,০০০/- টাকা আয়কর কম ধার্য করা হয়েছে, যা আদায় করা আবশ্যিক।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তি সহায়ক কোন জবাব পাওয়া যায়নি।

আদায়যোগ্য আয়কর বাবদ ১৬,৪৩,৩৫,৫০০/- টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমা করতে হবে।

নিরীক্ষার সুপারিশ : দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ১৮,৭৩,৪২,৪৭০/-টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৭৥

। চ্যাপ্টা (১৩৩) চ্যাপ্টা চক্রসমক তত্ত্বিতচক্র চক্র সর্কারিণি গীচ

চ্যাপ্টা গীচ

শিরোনাম

করদাতা কর্তৃক বিক্রয়মূল্য কম প্রদর্শন করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৩৭,৮১,৯১৬/-
(সাইক্রিশ লক্ষ একাশি হাজার নয়শত ষোল) টাকা আর্থিক ক্ষতি।
। চ্যাপ্টা (১৩৩) চ্যাপ্টা চক্রসমক তত্ত্বিতচক্র চক্র সর্কারিণি গীচ

চ্যাপ্টা
চক্রসমক
গীচ

বিবরণ

জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন উপকর কমিশনারী সার্কেল-১৬২ ও কর সার্কেল- ১৫৬,
কর সার্কেল-১৬২, টাকা (১) কার্যালয়ের ২০১৭-২০১৮ কর বর্ষে করদাতা কর্তৃক বিক্রয়মূল্য কম

প্রদর্শন করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৩৭,৮১,৯১৬/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

। চ্যাপ্টা (১৩৩) চ্যাপ্টা চক্রসমক তত্ত্বিতচক্র চক্র সর্কারিণি গীচ

উল্লিখিত সার্কেলসমূহের আয়কর আদায় কার্যক্রম নিরীক্ষাকালে বাংলা ইং চেং পেট মেকিং লি: ও

এম এম টি ফার্মা এন্ড হেলথ কেয়ার লি: এর আয়কর রিটার্ন, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী

২০১৬-১৭ আর্থিক সনে (কর বর্ষ-২০১৭-১৮)

মোট বিক্রয়মূল্য প্রদর্শন করেছে যথাক্রমে ৭,৩৩,৭০,৯১১/- টাকা ও ৫,৭৮,২৮,০৬৭/- টাকা

এবং ভ্যাট কর্তন করেছে ১,০২,৭৩,৩৮৯/- টাকা ও ৮৪,০২,১৫৭/- টাকা। ফলে

কোম্পানি দুটির মোট বিক্রয়মূল্য ৬,৩১,৬৮,৫২২/- টাকা।

কোম্পানি দুটি উৎপাদনকারী প্রতিষ্ঠান সেহেতু উৎপাদিত পণ্যের বিক্রয়মূল্যের উপর মূল্য

। চ্যাপ্টা (১৩৩) চ্যাপ্টা চক্রসমক তত্ত্বিতচক্র চক্র সর্কারিণি গীচ

সংযোজন কর আইন ও বিধিমালা/১৯৯১ অনুযায়ী ১৫% হারে ভ্যাট কর্তনযোগ্য। সুতরাং মোট

বিক্রয়মূল্য হতে কর্তনকৃত ভ্যাটকে ভিত্তি ধরে বিক্রয়মূল্য হয় যথাক্রমে ৬,৮৪,৮৯,২৬০/-

। চ্যাপ্টা (১৩৩) চ্যাপ্টা চক্রসমক তত্ত্বিতচক্র চক্র সর্কারিণি গীচ

টাকা ও ৫,৬০,১৪,৩৮০/- টাকা। সে মোতাবেক বিক্রয়মূল্য কম প্রদর্শন করা হয়েছে

৫৩,৯১,৭৩৮/- টাকা ও ৬৫,৮৮,৪৭১/- টাকা। এক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর

১৯(৩) ধারা মোতাবেক আদায়যোগ্য আয়কর সর্বমোট (১০,১১,৫০৫+২৩,০৫,৯৬৫)=

৩৩,১৭,৪৭০/- টাকা।

দণ্ডসুদ= ৩৩,১৭,৪৭০×২%×৭মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)=

৪,৬৪,৪৪৬/- টাকা।

দণ্ডসুদসহ মোট আয়কর = (৩৩,১৭,৪৭০+ ৪,৬৪,৪৪৬)= ৩৭,৮১,৯১৬/- টাকা।

[২য় খন্ডের পরিশিষ্ট ৭ (৭.১' হতে ৭.২' দ্রষ্টব্য) পৃ: ৭৭-৭৯]

অনিয়মের কারণ

• আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(৩) ধারা এর লঙ্ঘন।

অডিট প্রতিষ্ঠানের

যাচাই-বাছাই ও পরীক্ষা নিরীক্ষা করে পরবর্তীতে ব্রডশীট জবাবের মাধ্যমে নিরীক্ষা অধিদপ্তরকে

জবাব

জানানো হবে।

অনুচ্ছেদ নং-৮৥

শিরোনাম

: করদাতা কর্তৃক মোটর ভেহিক্যাল খাতে প্রাপ্যতার অতিরিক্ত বিনিয়োগ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ১,১৬,৬০,০৮৫/- (এক কোটি যোল লক্ষ ষাট হাজার পঁচাশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ

: জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন উপকর কমিশনার, কর সার্কেল-১৬২ ও কর সার্কেল- ১৩৩, কর অঞ্চল- ০৮ ও ০৭, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ আর্থিক সনে করদাতা কর্তৃক মোটর ভেহিক্যাল খাতে প্রাপ্যতার অতিরিক্ত বিনিয়োগ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ১,১৬,৬০,০৮৫/- টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলসমূহের আয়কর আদায় কার্যক্রম নিরীক্ষাকালে বেঙ্গল ইন্ডিগো লি: ও হবিগঞ্জ এম্বো: লি: এর আয়কর রিটার্ন, বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণীর স্থায়ী সম্পদ হিসাব পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য করবর্ষে ভেহিক্যাল বাবদ ১,৪২,০০,০০০/- টাকা ও ৫,৯৯,৮২,৬৬০/- টাকা বিনিয়োগ খরচ দাবি করা হয়েছে। করদাতা কোম্পানির পরিশোধিত মূলধন, জেনারেল রিজার্ভ এবং উক্ত টাকার ১০% হারে মোট ৩৪,১০,০০০/-ও ১,২৩,২৬,১১৯/- টাকা ভেহিক্যাল খাতে বিনিয়োগ করতে পারেন। উল্লেখ্য যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৭) ধারায় এবং অর্থ আইন/২০১৫ সংশোধন মোতাবেক পরিশোধিত মূলধন, রিজার্ভ এবং Accumulated Profit এর ১০% এর পার্থক্যের ৫০% অর্থ উক্ত কোম্পানির অন্যান্য সূত্র হতে আয় হিসেবে বিবেচনার বিধান রয়েছে। এক্ষেত্রে করদাতার উক্ত খাতে অতিরিক্ত বিনিয়োগ $(১,৪২,০০,০০০-৩৪,১০,০০০)= ১,০৭,৯০,০০০/-$ টাকা এর $৫০\%= ৫৩,৯৫,০০০/-$ টাকা এবং $(৫,৯৯,৮২,৬৬০- ১,২৩,২৬,১১৯) = ৪,৭৬,৫৬,৫৪১/-$ টাকা এর $৫০\%= ২,৩৮,২৮,২৭১/-$ টাকা সর্বমোট অতিরিক্ত ব্যয় $(৫৩,৯৫,০০০+২,৩৮,২৮,২৭১)= ২,৯২,২৩,২৭১/-$ টাকা; যা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৭) ধারা মোতাবেক করদাতা প্রতিষ্ঠানের অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগযোগ্য। সে মোতাবেক উক্ত ২,৯২,২৩,২৭১/- টাকার উপর আদায়যোগ্য আয়কর ১,০২,২৮,১৪৫/-টাকা।

দণ্ডসুদ= $১,০২,২৮,১৪৫ \times ২\% \times ৭$ মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)= ১৪,৩১,৯৪০/-টাকা।

দণ্ডসুদসহ মোট আয়কর = $(১,০২,২৮,১৪৫ + ১৪,৩১,৯৪০) = ১,১৬,৬০,০৮৫/-$ টাকা।

[২য় খন্ডের পরিশিষ্ট নং-৮ (৮.১' হতে ৮.২" দ্রষ্টব্য) পৃ: ৮০-৮২]

অনিয়মের কারণ

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৭) ধারা এবং সংশোধিত অর্থ আইন/২০১৫ এর লঙ্ঘন।

অডিটি প্রতিষ্ঠানের
জবাব

: কর অঞ্চল-০৮, ঢাকা এর অধীন কর সার্কেল-১৬২ জবাব প্রদান হতে বিরত থাকেন।

কর অঞ্চল-০৭, ঢাকা এর অধীন কর সার্কেল-১৩৩ জানায় যে, করদাতা কোম্পানী হবিগঞ্জ এথো লিমিটেড এর স্থায়ী সম্পদ খাতে ভেহিক্যাল খাতে সংযোজন ৫,৯৯,৮২,৬৬০/- টাকা। উক্ত বিনিয়োগ ১২টি ট্রাক এবং ২৫টি ফর্ক লিফট খাতে করা হয়েছে। কোন মোটরযান বা জিপ খাতে বিনিয়োগ করা হয় নাই। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৭) ধারার কোন প্রযোজ্যতা নাই।

নিরীক্ষা মন্তব্য

: স্থানীয় কর্তৃপক্ষের জবাব নিষ্পত্তির সহায়ক নয়। কারণ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৯(২৭) এবং অর্থ আইন, ২০১৫ সংশোধিত মোতাবেক কোম্পানীর পরিশোধিত মূলধন, রিজার্ভ এবং Accumulated Profit এর ১০% এবং গাড়ির ক্রয় মূল্যের পার্থক্যের ৫০% কোম্পানীজ “অন্যান্য উৎস হতে আয়” হিসেবে গণ্য হবে, যা এ ক্ষেত্রে ব্যত্যয় ঘটেছে। সুতরাং সমুদয় টাকা আদায় করে নিরীক্ষা অধিদপ্তরকে জানানো প্রয়োজন।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে মাঠপর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

আদায়যোগ্য আয়কর বাবদ ১,০২,২৮,১৪৫/-টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমাযোগ্য।

নিরীক্ষার সুপারিশ

: দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ১,১৬,৬০,০৮৫/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অফিসে প্রেরণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৯৯

শিরোনাম

: বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান/করদাতা ব্যক্তিগণের নিকট বকেয়া আয়কর অনাদায়ী থাকায় দণ্ডসুদসহ ৫,৬২,০৩,০২৯/- (পাঁচ কোটি বাষট্টি লক্ষ তিন হাজার ঊনত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ

: জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর সার্কেল-৯৬ এর ২০১৭-২০১৮ আর্থিক সনে বিভিন্ন করদাতা প্রতিষ্ঠান/করদাতা ব্যক্তিগণের নিকট বকেয়া আয়কর বাবদ দণ্ডসুদসহ ৫,৬২,০৩,০২৯/- টাকা অনাদায়ী থাকায় আর্থিক ক্ষতি হয়েছে।

উল্লিখিত সার্কেলসমূহের হিসাব নিরীক্ষায় পরিশিষ্টে বর্ণিত করদাতা কোম্পানি/ করদাতাগণের বকেয়া আদায় স্বেচ্ছাসেবিত্ব নথি পর্যালোচনা করে দেখা যায় যে, জুন/২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে কতিপয় করদাতাদের নিকট ধার্যকৃত আয়কর বাবদ সর্বমোট ৪,৯৩,০০,৯০৩/-টাকা বকেয়া/ অনাদায়ী রয়েছে। আয়কর অধ্যাদেশ ১৮৪ এর ধারা ১৩৭ মোতাবেক কর পরিশোধে খেলাপী হওয়ায় দণ্ড আরোপ করে তা পরিশোধের নির্দেশ দিতে পারেন। ধারা ১৪২ মোতাবেক জেলা কালেক্টরের মাধ্যমে এবং ধারা ১৪৩ মোতাবেক আদায়ের অন্যান্য পদ্ধতি প্রয়োগের মাধ্যমে কর আদায়ের নির্দেশনা রয়েছে।

দণ্ডসুদ=৪,৯৩,০০,৯০৩×২%×৭মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)= ৬৯,০২,১২৬/-টাকা।

দণ্ডসুদসহ মোট আয়কর = (৪,৯৩,০০,৯০৩+ ৬৯,০২,১২৬)= ৫,৬২,০৩,০২৯/- টাকা।

[২য় খন্ডের পরিশিষ্ট ০৯ পৃ: ৮৩]

অনিয়মের কারণ

: • আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৩৭, ১৪২ ও ১৪৩ মোতাবেক আদায়ের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

অডিট প্রতিষ্ঠানের
জবাব

: নথিপত্র যাচাই করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য


: জবাব মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে নিরীক্ষা আপত্তিতে জড়িত টাকা আদায়ের অগ্রগতি নিরীক্ষা অধিদপ্তরকে জানানো প্রয়োজন ছিল।

৩০-০৪-২০১৯ খ্রিঃ তারিখে পর্যন্ত মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পন্ন করার পর ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সমাপনী সভা (Exit Meeting) অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ০১ মাস সময় দিয়ে ২৯-০৮-২০১৯ খ্রিঃ তারিখে চূড়ান্ত AIR জারি করা হলেও অদ্যাবধি নিষ্পত্তি সহায়ক কোন জবাব পাওয়া যায়নি।

অনাদায়ী আয়কর বাবদ ৪,৯৩,০০,৯০৩/-টাকা সরকারি কোষাগারে জমা না করায় যেদিন জমা করা হবে সেদিন পর্যন্ত সংশ্লিষ্টদের নিকট হতে মাসিক ২% হারে দণ্ডসুদ আদায় করে অনাদায়ী আয়কর আদায়সহ সরকারি কোষাগারে জমাযোগ্য।

নিরীক্ষার সুপারিশ

: দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত দণ্ডসুদসহ ৫,৬২,০৩,০২৯/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণকসহ জবাব নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণ করা আবশ্যিক।


(এস এম রেজা)
মহাপরিচালক
রাজস্ব অডিট অধিদপ্তর



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

২০১৮-২০১৯

দ্বিতীয় খণ্ড
(পরিশিষ্টসমূহ)

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

[জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর কমিশনার (কর অঞ্চল- ঢাকা, খুলনা ও চট্টগ্রাম) এর অধীনস্থ কর সার্কেলসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়কর আদায় সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট]

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ - ১৩২ অনুযায়ী জাতীয় সংসদে রিপোর্ট উপস্থাপনের
জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

সূচিপত্র

ক্র: নং	অনুচ্ছেদ নং	পরিশিষ্ট নম্বর	পৃষ্ঠা নম্বর
০১.	১	১ (১.১-১.৪৫)	১-৬৯
০২.	২	২	৭০
০৩.	৩	৩	৭১
০৪.	৪	৪	৭২
০৫.	৫	৫ (৫.১-৫.২)	৭৩-৭৫
০৬.	৬	৬	৭৬
০৭.	৭	৭ (৭.১-৭.২)	৭৭-৭৯
০৮.	৮	৮ (৮.১-৮.২)	৮০-৮২
০৯.	৯	৯	৮৩

অনুচ্ছেদঃ ০১
পরিশিষ্টঃ ১.১-১.৪৫

অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় নিরূপণ করায় আয়কর বাবদ দণ্ডসুদসহ ৪৬৫,৮৮,৭৫,৯৮৭/- টাকা কম ধার্য।

ক্রম নং	করদাতার নাম ও টি.আই.এন	এ.আই.আর এর অনুঃ নং	কর সার্কেল ও কর অঞ্চল	অডিটের সন	কর বর্ষ	জড়িত টাকা (দণ্ডসুদসহ)	পরিঃ নং
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	মারিকো বাংলাদেশ লিমিটেড ২৪২৫০১৬৬৬১০১	০১	কর সার্কেল- ৪৫ কর অঞ্চল- ০৩	২০১৭- ১৮	২০১৭- ১৮	৪০,৯১,৪১,২২৮/-	১.১
২.	মার্সক বাংলাদেশ লিমিটেড ৮৩৭৪২৫৯৮৯৫৬৭	০২	ঐ	ঐ	ঐ	১,১৩,৬০,৮৫২/-	১.২
৩.	এপিএম গ্লোবাল লজিস্টিকস (বিডি) লিমিটেড ৩২৩৩০৪১০৮১২৯	০৩	ঐ	ঐ	ঐ	১৮,৪৩,৮৪,৪৭০/-	১.৩
৪.	বাংলাদেশ এভিভল ওয়েল লিমিটেড ৭৪৮৮৫৩২৮৩০৩৯	০৪	ঐ	ঐ	ঐ	৮,৭৭,৫৮,৫৭৭/-	১.৪
৫.	এম এ এইচ কনস্ট্রাকশন লিমিটেড ৫৫৩৩৬১৭৬৪৫৪৬	০৫	ঐ	ঐ	ঐ	১,০০,২৫,৯০৮/-	১.৫
৬.	প্রিমিয়ার এল পি গ্যাস লিমিটেড ৪৪৬৭৬৯৯৫২৫৫৫	০১	কর সার্কেল- ৯০ কর অঞ্চল-০৫	২০১৭-১৮	২০১৭-১৮	২,০৭,১৪,০৫৮/-	১.৬
৭.	পোর্ট লিংক লজিস্টিকস সেন্টার লিমিটেড ৫৭০৯৪৯৯২৪৫০৩	০২	ঐ	ঐ	ঐ	৭৮,০১,১৯৩/-	১.৭
৮.	ব্র্যাক ২৯৮৭৩৬১৩০৩০৩০৪	০৩	ঐ	ঐ	ঐ	২৫০,৭২,৭৯,৫১৯/-	১.৮
৯.	পলিমার এন্থ্রো ইন্ডাঃ লিমিটেড ৩৬৩৯৯৫৯৪০১২৮	০৪	ঐ	ঐ	ঐ	১৫,৮০,০২৬/-	১.৯
১০.	বুরো বাংলাদেশ ২৪২৪৩৭৪৭১১৯৩১	০৫	ঐ	ঐ	ঐ	৩,৪০,৬৭,৬৬৫/-	১.১০

১	২	৩	৪	৫	৬	৭	৮
১১.	আশা ১১২৫৩৭৭৯১১২৭	০৬	কর সার্কেল- ৯০ কর অঞ্চল-০৫	২০১৭-১৮	২০১৭-১৮	২,০৬,১৫,৫০৬/-	১.১১
১২.	কমফোর্ট কন্সট্রাকশন লিমিটেড ১৫৯৭০৬৪৭৪৮৮৫	০১	কর সার্কেল- ৯৬ কর অঞ্চল-০৫	ঐ	ঐ	১৩,৫০,৮২৭/-	১.১২
১৩.	গ্রাইম ব্যাংক ফাউন্ডেশন ১৮৮৫৫৯৪৯১০১৪	০১	কর সার্কেল- ১০১ কর অঞ্চল- ০৫	২০১৭-১৮	২০১৭-১৮	৩,১৩,৭১,৫২৮/-	১.১৩
১৪.	নিউ এরা ফাউন্ডেশন ৪২২৫৫৩৯৩৬৯৫৮	০২	ঐ	ঐ	ঐ	৮,১৫,৩৯৩/-	১.১৪
১৫.	ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ ১৩২৯৭৩২০০১২৫	০৩	ঐ	ঐ	ঐ	১,৯০,৬৪,৮৩৪/-	১.১৫
১৬.	পল্লী মঙ্গল কর্মসূচী ১১৮৪০০৩৯৪৬৩২	০৪	ঐ	ঐ	ঐ	৩৬,৮৪,৭৫৬/-	১.১৬
১৭.	হামজা টেক্সটাইল লিমিটেড ৮৩৪৪৯৬৫৫৪৯৭৫	০১	কর সার্কেল-১৩৩ অঞ্চল-০৭	২০১৭-১৮	২০১৭-১৮	১৪,৪৮,৩৮,৫৫৫/-	১.১৭
১৮.	হযরত আমানত শাহ সিকিউরিটিজ লিঃ ৩৩৩৬১৫১৮৯০১২	০২	ঐ	ঐ	ঐ	১৩,৩৯,৯৬১/-	১.১৮
১৯.	বিশ্বাস এগ্রোভেট লিমিটেড ৬৩২৯৮২২৪৫৬৩৪	০১	কর সার্কেল-১৫৫ কর অঞ্চল- ০৮	২০১৭-১৮	২০১৭-১৮	৭,৯৮,৬৩৫/-	১.১৯
২০.	বেন এন্ড জেন ইন্টারন্যাশনাল ব্র্বেড কোঃ লিঃ ৬৮২৬৯২৯২৫৩৪১	০২	ঐ	ঐ	ঐ	৪২,২১,৫৭৬/-	১.২০
২১.	বাংলাদেশ চায়না পাওয়ার কোং (প্রাঃ) লিঃ ৩৪০১২১৬৬৮৫৫০	০৩	ঐ	ঐ	ঐ	১৫,৬৬,৫৩,৫৫৫/-	১.২১
২২.	বায়ো কেয়ার এগ্রো লিঃ ৫৬১৮৭২৬২১২৫৭	০৪	ঐ	ঐ	ঐ	৩০,০২,৩৯৯/-	১.২২
২৩.	অর্গানিক হেলথ কেয়ার লিঃ ৭৭৮৯৮৫৪৪৭০৮২	০৫	ঐ	ঐ	ঐ	১৪,০১,৩০২/-	১.২৩

১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪.	নভো নরডিক্স ফার্মা (প্রাঃ) লিমিটেড ২৩১৭৪৪৩০২৪৯২	০১	কর সার্কেল-১৫৬ কর অঞ্চল- ০৮	২০১৭-১৮	২০১৭-১৮	৭,৩৯,৩১,৩০৭/-	১.২৪
২৫.	বাংলাটেক্স লিমিটেড ৫৯২৩১০৬৬০৯৮৩	০২	ঐ	ঐ	ঐ	১,৮৮,৭৬,৩৩১/-	১.২৫
২৬.	বে রাবার লিমিটেড ১৪৫৫৭৮৫৪৬৮৫৯	০১	কর সার্কেল-১৬২ কর অঞ্চল- ০৮	২০১৭-১৮	২০১৭-১৮	৪৯,৩৩,৫৯৫/-	১.২৬
২৭.	ভালুকা ফার্মস লিঃ ৭৭৮৯৮৫৪৪৭০৮২	০৪	ঐ	ঐ	ঐ	১,১৩,২৩,৬১২/-	১.২৭
২৮.	দি বেঙ্গল গ্লাস ওয়াক্স লিঃ। ১৩৪৮৩০৬২৩৮৩৫	০৫	ঐ	ঐ	ঐ	৫,৬৪,২৮,২৩১/-	১.২৮
২৯.	শ্যামল ইকুইটি ম্যানেজমেন্ট লিঃ ৫৬৯৯৮৪২৮৫৬৩০	০৬	ঐ	ঐ	ঐ	৩৬,৩২,৬৭৫/-	১.২৯
৩০.	সান ফার্মাসিটিউক্যালস (বাংলাদেশ) লিঃ ১৫৬৫১১৪৩২২৮৮	০৭	ঐ	ঐ	ঐ	৬,৯৮,১৭,৩৫৩/-	১.৩০
৩১.	হ্যামকো কর্পোরেশন লিমিটেড ৬৮৯২৬৮৭৩৬০০৮	০১	কর সার্কেল- ০১ কর অঞ্চল-খুলনা	২০১৭-১৮	২০১৭-১৮	২,০০,২৯,৬৫০/-	১.৩১
৩২.	হ্যামকো ইন্ডাস্ট্রিজ লিমিটেড ১৫২৪৪৯১৯৪১৬৬	০২	ঐ	ঐ	ঐ	৩৯,৯২,৩৮০/-	১.৩২
৩৩.	আবদুল্লাহ ব্যাটারী কোং (প্রাঃ) লিঃ ৬৯৯৬৩৩২২৭৫৭১	০৩	ঐ	ঐ	ঐ	৯৮,৮৫,৮৮৪/-	১.৩৩
৩৪.	মোফা ফিস প্রেসেসিং (প্রাঃ) লিমিটেড ১৮৬৭৩৪৬০৪৬৩৯	০৪	ঐ	ঐ	ঐ	১,৮৭,৪২,৬৩২/-	১.৩৪
৩৫.	কেস্ট এন্ড কোং (বাংলাদেশ) লিমিটেড ৮৪৩৯৭৩৩৬০৯৪৪	০৫	ঐ	ঐ	ঐ	২,৪৩,৭২,৩৫৬/-	১.৩৫
৩৬.	ফ্রেশ ফ্রিড (বিডি) লিমিটেড ৭৭৯৮৯০৭৪৫৫২২	০৬	ঐ	ঐ	ঐ	৪৮,৯৩,৫২১/-	১.৩৬
৩৭.	মোঃ ময়েন উদ্দিন (বানী) লিমিটেড ২৮৩৩৭৯১৯৪১৪১	০৭	ঐ	ঐ	ঐ	১৩,০১,৮৯,৭৯০/-	১.৩৭ (১) + (২)

১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৮.	কাজী হুইটজ লিমিটেড ৫১৭৩৭৭২০১৯৩৮	০১	কর সার্কেল- ১৭৭ কর অঞ্চল- ০৯	২০১৭-১৮	২০১৭-১৮	১৮,৬৭,৯৬৪/-	১.৩৮
৩৯.	কাজল বাদাস লিমিটেড ২৫২৭৮৮৮৩৪৭৫২	০২	ঐ	ঐ	ঐ	১,৩৬,৬৩,০২৯/-	১.৩৯
৪০.	কামাল ইয়ান মিলস লিঃ ৪৭৮৭৯৭৯৩৯০৫৫	০৩	ঐ	ঐ	ঐ	৬,৮০,৩৩,১৩৩/-	১.৪০
৪১.	কাই এ্যালুমিনিয়াম বাংলাদেশ লিঃ ৪৩৫৯৯৪৩৫৯৯৬৮	০৪	ঐ	ঐ	ঐ	৫,৩৪,৬৯,৪৮৪/-	১.৪১
৪২.	এশিয়া প্যাসিফিক পেপার মিলস লিঃ ০১৯২০৩৮৯৫৩২০০	০১	কর সার্কেল- ৪৫ কর অঞ্চল- ০৩ চট্টগ্রাম।	২০১৭-১৮	২০১৭-১৮	৩৮,১৮,৫৫০/-	১.৪২
৪৩.	এম এস এসোসিয়েটস লিঃ ৩৩৪২৪৬৭৬২৭৮৯	০২	ঐ	ঐ	ঐ	৫৬,৭৯,১১৭/-	১.৪৩
৪৪.	এম এইচ ইলাস্টিক এন্ড এক্সেসরিজ লিঃ ৮৭২২১২৭৪৬৪৫৯	০৩	ঐ	ঐ	ঐ	৬,৫০,৪৭৪/-	১.৪৪
৪৫.	মেঘনা পেট্রোলিয়াম লিঃ ৩৬৯১০৭২৫৯৯৯৫	০৪	ঐ	ঐ	ঐ	৩৯,৭৩,৭২,৫৯৬/-	১.৪৫
					সর্বমোট=	৪৬৫,৮৮,৭৫,৯৮৭/-	

করদাতা প্রতিষ্ঠানের নাম : মারিকো বাংলাদেশ লিমিটেড

টি আই এন : ২৪২৫০১৬৬৬১০১

কর সার্কেল- ৪৫, কর অঞ্চল-০৩

আয় বর্ষ : ২০১৬-২০১৭

কর বর্ষ : ২০১৭-২০১৮

পর্যায় : কোম্পানিজ

ধারা : ৮২(বিবি)

ক্র. নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০১	০২	০৩
	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শিত মোট আয়	২০০,৫২,১৫,২৫০/-
০১.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-২১ এ General and Administrative Expenses হেডে রয়্যালিটি বাবদ ৬,৫৫,৬১,৩২৫/- এবং জেনারেল এন্ড টেকনিক্যাল এসিস্ট্যান্ট ফিস বাবদ ৫,৪০,৭১,৪৩৩/- টাকা সর্বমোট- ১১,৯৬,৩২,৭৫৮/- টাকা খরচ দাবি করা হয়েছে। কিন্তু আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এইচ) ধারা অনুযায়ী ব্যবসা শুরু প্রথম তিন আয় বৎসরের জন্য নীট মুনাফার ১০% এবং পরবর্তী আয় বৎসরসমূহের প্রদর্শিত নীট মুনাফার ৮% প্রাপ্য। আলোচ্য ক্ষেত্রে নীট মুনাফা ১৪৪,০১,৯২,০৭১/- টাকা। উক্ত টাকার ৮% হারে রয়্যালিটি প্রাপ্য ১১,৫২,১৫,৩৬৬/- টাকা। কিন্তু পরিশোধ করা হয়েছে ১১,৯৬,৩২,৭৫৮/- টাকা। ফলে অতিরিক্ত পরিশোধ (১১,৯৬,৩২,৭৫৮- ১১,৫২,১৫,৩৬৬)= ৪৪,১৭,৩৯২/- টাকা। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক করদাতা প্রতিষ্ঠানের অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগ যোগ্য।	৪৪,১৭,৩৯২/-
০২.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-২১ এ ওয়ার্কাস পার্টিসিপেশন ফান্ড বাবদ ১০,১৪,১৯,৩১০/- টাকা খরচ দাবি করা হয়েছে। কিন্তু আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(ডিডি) ধারা অনুযায়ী শ্রমিক অংশগ্রহণ তহবিল (WPF) হতে সুবিধাভোগীদের অর্থ পরিশোধের সময় পরিশোধের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত অর্থের উপর ৫% হারে উৎসে কর কর্তনযোগ্য। আলোচ্য ক্ষেত্রে WPF বাবদ দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তনের কোন চালান বা প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায় নাই বিধায় উক্ত আয় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক করদাতা প্রতিষ্ঠানের অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগ যোগ্য।	১০,১৪,১৯,৩১০/-

ক্রঃ নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০৩.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-২০ এ General and Administrative Expenses হেডে বিজ্ঞাপন বাবদ ৩৪,৩২,৮২,১১৩/- টাকা খরচ দাবি করা হয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(কে) ধারা এবং অর্থ আইন/ ২০১৫ অনুযায়ী কোন মাধ্যমে বিজ্ঞাপন প্রচারের জন্য সংশ্লিষ্ট সকল খাতে বিল পরিশোধকালে ৪% হারে উৎসে কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। আলোচ্য ক্ষেত্রে বিজ্ঞাপন বাবদ দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তনের কোন চালান বা প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায় নাই বিধায় উক্ত আয় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক করদাতা প্রতিষ্ঠানের অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগযোগ্য।	৩৪,৩২,৮২,১১৩/-
	অডিট কর্তৃক নিরূপিত মোট আয়	২৪৫,৪৩,৩৪,০৬৫/-
	অডিট কর্তৃক নিরূপিত মোট আয়কর (২৪৫,৪৩,৩৪,০৬৫×৩৫%)	৮৫,৯০,১৬,৯২৩/-
	করদাতা কর্তৃক পরিশোধিত আয়কর	৫০,০১,২১,১০৯/-
	করদাতা কর্তৃক কম পরিশোধিত আয়কর	৩৫,৮৮,৯৫,৮১৪/-

দণ্ডসুদ=৩৫,৮৮,৯৫,৮১৪×২%×৭ মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)= ৫,০২,৪৫,৪১৪/-টাকা

দণ্ডসুদসহ মোট আয়কর = (৩৫,৮৮,৯৫,৮১৪ + ৫,০২,৪৫,৪১৪) = ৪০,৯১,৪১,২২৮/- টাকা।

করদাতা প্রতিষ্ঠানের নাম : মার্ক বাংলাদেশ লিমিটেড

টি আই এন : ৮৩৭৪২৫৯৮৯৫৬৭

কর সার্কেল- ৪৫, কর অঞ্চল- ০৩

আয় বর্ষ : ২০১৬-২০১৭

কর বর্ষ : ২০১৭-২০১৮

পর্যায় : কোম্পানিজ

ধারা : ৮২(বিবি)

ক্রঃ নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০১	০২	০৩
	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শিত মোট আয়	৫২,১৫,৭৮,৬০৭/-
০১.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-৬ এ General and Administrative Expenses হেডে অফিস ভাড়া বাবদ ১,৯৫,৪৮,৬৫১/- টাকা খরচ দাবি করা হয়েছে। দাবিকৃত খরচের উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(এ) ধারা অনুযায়ী ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে অফিস ভাড়া বাবদ দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তনের কোন চালান বা প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায় নাই। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক উক্ত আয় অননুমোদনযোগ্য ব্যয় হিসেবে গণ্য হবে এবং তা অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগ যোগ্য।	১,৯৫,৪৮,৬৫১/-
০২.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-৬ এ General and Administrative Expenses হেডে মুদ্রণ ও মনোহারী বাবদ ২৬,৮৭,৬১৩/- টাকা খরচ দাবি করা হয়েছে। দাবিকৃত খরচের উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২(এ) ধারা ও বিধি-১৬ অনুযায়ী ৩% হারে উৎসে কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে মুদ্রণ ও মনোহারী বাবদ দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তনের কোন চালান বা প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায় নাই। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক উক্ত আয় অননুমোদনযোগ্য ব্যয় হিসেবে গণ্য হবে এবং তা অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগ যোগ্য।	২৬,৮৭,৬১৩/-
০৩.	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অ্যানুয়াল রিপোর্টের নোট-৬ এ General and Administrative Expenses হেডে আপ্যায়ন ও বিনোদন যা আপ্যায়ন হিসেবে বিবেচিত বাবদ ১,১৯,৬৪,৩৫৪/- টাকা খরচ দাবি করা হয়েছে। এ ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এফ) ধারা ও বিধি ৬৫ অনুযায়ী কোম্পানির প্রদর্শিত মোট আয় ৫২,১৫,৭৮,৬০৭/- টাকার উপর আপ্যায়ন খরচ বাবদ অননুমোদনযোগ্য ১ম ১০ লক্ষ টাকার উপর ৪% হারে = ৪০,০০০/- টাকা এবং অবশিষ্ট (৫২,১৫,৭৮,৬০৭-১০,০০,০০০)= ৫২,০৫,৭৮,৬০৭/- টাকার উপর ২% হারে = ১,০৪,১১,৫৭২/- টাকা সর্বমোট (১,০৪,১১,৫৭২ + ৪০,০০০)= ১,০৪,৫১,৫৭২/- টাকা প্রাপ্য। ফলে আপ্যায়ন খাতে অতিরিক্ত দাবিকৃত খরচ (১,১৯,৬৪,৩৫৪-১,০৪,৫১,৫৭২)= ১৫,১২,৭৮২/- টাকা। উক্ত অতিরিক্ত ব্যয়িত টাকা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক করদাতা প্রতিষ্ঠানের অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগযোগ্য।	১৫,১২,৭৮২/-

ক্রঃ নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০৪.	অ্যানুয়াল রিপোর্টের নোট-৬ এ General and Administrative Expenses হেডে আউটসোর্সিং, লিগ্যাল এন্ড প্রফেশনাল ফিস বাবদ ৪৭,২৪,২৬৭/- টাকা খরচ দাবি করা হয়েছে। দাবিকৃত খরচের উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫২(এএ) ধারা অনুযায়ী ১২% হারে উৎসে কর কর্তন করতে হবে। আলোচ্য ক্ষেত্রে আউটসোর্সিং, লিগ্যাল এন্ড প্রফেশনাল ফিস বাবদ দাবিকৃত খরচের উপর উৎসে কর কর্তনের কোন চালান বা প্রমাণক নিরীক্ষায় পাওয়া যায় নাই। ফলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩০(এএ) ধারা মোতাবেক উক্ত আয় অননুমোদনযোগ্য ব্যয় হিসেবে গণ্য হবে এবং তা অন্যান্য উৎস হতে আয় হিসেবে মোট আয়ের সাথে যোগযোগ্য।	৪৭,২৪,২৬৭/-
	অডিট কর্তৃক নিরূপিত মোট আয়	৫৫,০০,৫১,৯২০/-
	অডিট কর্তৃক নিরূপিত মোট আয়কর (৫৫,০০,৫১,৯২০×৩৫%)	১৯,২৫,১৮,১৭২/-
	করদাতা কর্তৃক পরিশোধিত আয়কর	১৮,২৫,৫২,৫১২/-
	করদাতা কর্তৃক কম পরিশোধিত আয়কর	৯৯,৬৫,৬৬০/-

দঙ্কসুদ=৯৯,৬৫,৬৬০×২%×৭ মাস (০১-১২-২০১৮ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৯ খ্রিঃ পর্যন্ত)= ১৩,৯৫,১৯২/-টাকা

দঙ্কসুদসহ মোট আয়কর = (৯৯,৬৫,৬৬০+ ১৩,৯৫,১৯২)= ১,১৩,৬০,৮৫২/- টাকা।

করদাতা প্রতিষ্ঠানের নাম : এপিএম গ্লোবাল লজিস্টিকস (বিডি) লিমিটেড

টি আই এন : ৩২৩৩০৪১০৮১২৯

কর সার্কেল- ৪৫, কর অঞ্চল- ০৩

আয় বর্ষ : ২০১৬-২০১৭

কর বর্ষ : ২০১৭-২০১৮

পর্যায় : কোম্পানিজ

ধারা : ৮২(বিবি)

ক্রঃ নং	আয়ের বিবরণ	টাকার পরিমাণ
০১	০২	০৩
	করদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শিত মোট আয়	১,৭৮,৩৪,৮৪১/-
